

# পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নলকা, সিরাজগঞ্জ।

সূত্র নং-২৮.১৮.০০০০.০৪৯.৩৯.০০১.১৯/

তারিখঃ /০৬/২০১৯

বিষয়ঃ ১.৩ ও ১.৪ শ্রেণির গ্যাস পাইপলাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের ২০১৯-২০ ও ২০২০-২১ দুই অর্থ বছরের জন্য তালিকায় অন্তর্ভুক্তি নবায়ন ও পেট্রোবাংলা কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ১.৩ শ্রেণি হতে ১.৪ শ্রেণিতে উত্তীর্ণ ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের তালিকায় অন্তর্ভুক্তির বিজ্ঞপ্তি।

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর সাথে ১.৩ এবং ১.৪ শ্রেণির গ্যাস পাইপলাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে ২০১৯-২০ ও ২০২০-২১ দুই অর্থ বছরের জন্য নবায়ন ও পেট্রোবাংলা কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ১.৩ শ্রেণি হতে ১.৪ শ্রেণিতে উত্তীর্ণ ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের তালিকায় অন্তর্ভুক্তিকরণের নিমিত্ত নিম্নবর্ণিত নিয়মাবলী ও শর্ত পূরণক্রমে আবেদন আহ্বান করা যাচ্ছে :

(১) আবেদনকারীর যোগ্যতা :

পশ্চিমাঞ্চল গ্যাসের সাথে গত ২০১৪-১৫ হতে ২০১৮-১৯ অর্থ বছরে ১.৩ ও ১.৪ শ্রেণি হিসেবে নবায়নের মাধ্যমে যে সকল গ্যাস পাইপলাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে সে সকল ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ এবং ইহা ছাড়াও পেট্রোবাংলা কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ১.৩ শ্রেণি হতে ১.৪ শ্রেণিতে উত্তীর্ণ সে সকল ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ।

(২) আবেদনের সময়সীমা :

০৭/০৭/১৯ হতে ৩১/০৭/১৯ পর্যন্ত মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) বরাবরে বিজ্ঞপ্তিতে ও নির্ধারিত হকে (সংযুক্ত নমুনা ছক) উল্লেখিত তথ্যসমত (ই-মেইলসহ আবশ্যিক) প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে ফরওয়ার্ডিং পত্রসহ যথানিয়মে আবেদন পত্র দাখিল করতে হবে।

(৩) নবায়ন / তালিকায় অন্তর্ভুক্তি ও নিরাপত্তা জামানাত ফি'র পরিমাণ, পরিশোধের স্থান ও সময়সীমা :

ক) প্রতি দুই অর্থ বছরের বিপরীতে ১.৩ শ্রেণির জন্য ১৫০০০/- (পনের হাজার) টাকা হারে ... .. এবং ১.৪ শ্রেণির জন্য ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা হারে ... .. এবং জরিমানা (প্রযোজ্য ক্ষেত্রে) বাবদ ... .. টাকা সহ মোট ... .. (কথায় ... ..) টাকা এবং পেট্রোবাংলা কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ১.৩ শ্রেণি হতে ১.৪ শ্রেণিতে উত্তীর্ণ সে সকল ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ তালিকায় অন্তর্ভুক্তি ফি বাবদ ১.৪ শ্রেণির জন্য ২৫,০০০/= (পঁচিশ হাজার) টাকা (অফেরত যোগ্য)। ১.৪ শ্রেণির জন্য নিরাপত্তা জামানাত বাবদ ৭৫,০০০/= (পঁচাত্তর হাজার) টাকা (ফেরত যোগ্য) নগদে নির্ধারিত ৩১/০৭/১৯ তারিখের মধ্যে "পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড"-এর অনুকূলে হিসাব নম্বর : SND ২৯১৬-০১-০০০০০৫৩, বেসিক ব্যাংক লিমিটেড, সিরাজগঞ্জ শাখা-এ জমা প্রদান করতে হবে। টাকা জমা প্রদানের রসিদে ঠিকাদারী প্রতিষ্ঠান ও স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নাম উল্লেখ করতে হবে। বেসিক ব্যাংক-এর যে কোন শাখার মাধ্যমে জমা প্রদান করা যাবে।

(৪) ভাট জমাকরণ :

নবায়ন / তালিকায় অন্তর্ভুক্তি ফি-এর (প্রযোজ্য ক্ষেত্রে) উপর সরকারি বিধি মোতাবেক ১৫% ভাট নির্দিষ্ট কোড নম্বরে চালান আকারে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা প্রদান করতে হবে। ভাটের চালানের মূলকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

(৫) আবেদনপত্রের সাথে দাখিলযোগ্য কাগজাদি/তথ্যাদি পেট্রোবাংলার সর্বশেষ তালিকাভুক্ত তফসিল অনুযায়ী দাখিল করতে হবে :

(ক) প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে নবায়ন/ তালিকায় অন্তর্ভুক্তি বিজ্ঞপ্তির তারিখসহ সূত্র নং পত্র, ক্যাটাগরী, অর্থ বছর ইত্যাদি উল্লেখপূর্বক প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/বেধ প্রতিনিধির নাম, স্বাক্ষর ও সীলমোহর সম্বলিত আবেদনপত্র।

(খ) প্রতিষ্ঠানের হালনাগাদ সালের ট্রেড লাইসেন্স, ভাট রেজিঃসনদ, ২০১৮-১৯ অর্থ বছরের আয়কর পরিশোধের সনদ, টাকা জমা রসিদের ০২(দুই) কপি (মূল কপি সহ), পিজিসিএল-এ সর্বশেষ তালিকায় অন্তর্ভুক্ত নবায়ন সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদির সত্যায়িত ফটোকপি। ২০২১-২২ অর্থ বছরের নবায়নের সময় ২০২০- ২১ অর্থ বছরের ট্রেড লাইসেন্স, ভাট রেজিঃসনদ, আয়কর পরিশোধের সনদপত্র ইত্যাদির সত্যায়িত ফটোকপি ও তৃতীয় পক্ষীয় দায় বীমা পলিসির মূলকপি জমা প্রদান করতে হবে।

(গ) নিয়োজিত/নিয়োজিতব্য কারিগরী জনবল/ জনশক্তির তালিকা (পেট্রোবাংলার সর্বশেষ তালিকাভুক্তি তফসিল সংযুক্ত ছক অনুযায়ী) দাখিল করতে হবে।

(ঘ) ১.৩ শ্রেণির জন্য স্বত্বাধিকারী/পরিচালক ও ন্যূনতম একজন করে প্রকৌশলী, ফোরম্যান, সুপারভাইজার, ওয়েল্ডার (এ/বি/সি/ডি জেড), ফিটার (এ/বি/সি জেড) এবং ১.৪ শ্রেণির জন্য স্বত্বাধিকারী/পরিচালক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও ন্যূনতম একজন প্রকল্প ব্যবস্থাপক (ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন স্নাতক প্রকৌশলী), দুই জন করে প্রকল্প প্রকৌশলী, এক জন পরিবেশ ও নিরাপত্তা বিষয়ক কর্মকর্তা (পরিবেশ ও নিরাপত্তা বিষয়ক বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন স্নাতক ডিগ্রী ধারী হতে হবে), এক জন ওয়েল্ডিং ইন্সপেক্টর (সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এবং ওয়েল্ডিং ইন্সপেক্টরকে ন্যূনতম এনডিটি সংক্রান্ত ফাউন্ডেশন কোর্স সম্পাদনকারী হাই বুল ডেজার বোল্ডিং মেশিন ইত্যাদি চালানায় অভিজ্ঞতা থাকতে হবে) এবং প্রয়োজন অনুযায়ী অন্যান্য দক্ষ কারিগরী জনবল (হাইড্রার, ইলেকট্রিশিয়ান, মেকানিক ইত্যাদি) সমন্বয়ে জনবলের নাম উল্লেখ করতে হবে। ওয়েল্ডার ও ফিটারের সনদ দাখিল করতে হবে। ২০১৮-১৯ অর্থ বছরে তালিকায় অন্তর্ভুক্তি নবায়নকালে প্রদত্ত জনবল পরিবর্তিত হলে ও পেট্রোবাংলা কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ১.৩ শ্রেণি হতে ১.৪ শ্রেণিতে উত্তীর্ণ ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ পিজিসিএল-এ তালিকায় অন্তর্ভুক্তির ক্ষেত্রে নিযুক্তকৃত সকল জনবলের নিয়োগপত্র, জীবনবৃত্তান্ত, নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, পাসপোর্ট সাইজের দুই কপি রংগিন ছবি, নমুনা স্বাক্ষর, ওয়েল্ডার ও ফিটারের হালনাগাদ ইস্যুকৃত সনদপত্রের ইত্যাদির সত্যায়িত কপি যা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক প্রতীক্ষিত হতে হবে। নবায়নের ক্ষেত্রে পূর্বকার জনবল বহাল থাকলে সেক্ষেত্রে প্রতি জনবলের জীবনবৃত্তান্ত, পাসপোর্ট সাইজের দুই কপি রংগিন ছবি ও নমুনা স্বাক্ষর জমা প্রদান করতে হবে।

(ঙ) ঠিকাদারী কাজে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক যোগাযোগ করবেন। তবে কাজের সুবিধার্থে ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক নিয়োজিত জনবলের মধ্য হতে কেবলমাত্র নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার সম্পন্ন প্রকল্প প্রকৌশলী বা সাইট প্রকৌশলী বা ব্যবস্থাপক পদে নিয়োজিত জনবলকে স্বত্বাধিকারী/পরিচালক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নোটারী পাবলিক বা প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রত্যায়িত পাওয়ার অব এটর্নীর মাধ্যমে প্রতিনিধি মনোনয়নপূর্বক পিজিসিএল-এর সাথে যোগাযোগ/ভাঙার হতে মালামাল উত্তোলন/ফেরতের ক্ষমতা সংশ্লিষ্ট নবায়নকাল পর্যন্ত অর্পণ করতে পারবেন যা আবেদনপত্রের সাথে জমা করতে হবে।

(চ) সংশ্লিষ্ট শ্রেণির প্রতিষ্ঠানের ক্ষেত্রে পেট্রোবাংলার সর্বশেষ তালিকাভুক্তির তফসিল অনুযায়ী প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সরঞ্জামাদী নিজস্ব মালিকানায সার্বক্ষনিক কার্যক্ষম আছে মর্মে প্রমাণপত্র হিসেবে কোন ইলেক্রেশন/সার্ভে প্রতিষ্ঠান কর্তৃক যন্ত্রপাতির নাম উল্লেখসহ মূল কপি দিতে হবে।

(ছ) প্রতিটি দৃষ্টান্তের জন্য ন্যূনতম ০১ (এক) লক্ষ টাকার তৃতীয় পক্ষীয় দায় বীমা পলিসির মূলকপি।

(জ) বিজ্ঞপ্তি প্রকাশের অনধিক একমাস পূর্বে ইস্যুকৃত ১.৩ শ্রেণির জন্য ১০ (দশ) লক্ষ টাকার এবং ১.৪ শ্রেণির জন্য ২৫ (পঁচিশ) লক্ষ টাকার ব্যাংক স্বচ্ছলতার সনদের মূল কপি।

(ঝ) হালনাগাদ সময়কালের মধ্যে তিতাস গ্যাস/বাখরাবাদ গ্যাস/জালালাবাদ গ্যাস/কর্নফুলি গ্যাস/পশ্চিমাঞ্চল গ্যাস/জিটিসিএল/ সুন্দরবন গ্যাস কোম্পানী কর্তৃক যে কোন কারণে তালিকাভুক্তি বাতিল/কালো তালিকাভুক্তি/সাময়িক স্থগিত/জরিমানা হয় নাই এই মর্মে নিজস্ব লেটার হেড প্যাডে স্বীকারোক্তি/ঘোষণাপত্র।

(ঞ) আবেদন পত্রের সাথে নবায়ন/ তালিকায় অন্তর্ভুক্তি ফি ও নিরাপত্তা জামানাত (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধের মূল রসিদ অবশ্যই জমা দান করতে হবে।

(ট) নবায়নের লক্ষ্যে মূল তালিকাভুক্ত প্রতিষ্ঠানের হালনাগাদ সত্যায়িত নবায়ন সনদপত্র দাখিল করতে হবে ( তিতাস/বাখরাবাদ/জালালাবাদ-এ তালিকাভুক্তির)

(ঠ) পেট্রোবাংলা কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ১.৩ শ্রেণি হতে ১.৪ শ্রেণিতে উত্তীর্ণ ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ পিজিসিএল-এ তালিকায় অন্তর্ভুক্তির ক্ষেত্রে সনাক্তকরণের প্রমাণস্বরূপ ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট এর নিকট হতে হালনাগাদ সংগৃহীত স্বত্বাধিকারী এ্যফিডেভিট, অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদারিত্ব দলিল (মুখ্য অংশীদার উল্লেখসহ) এবং লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, মেমোরেন্ডাম ও আর্টিকেল অব এসোসিয়েশন দলিল দাখিল করতে হবে।

(৬) অন্যান্য বিষয় :

অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা ভুল/অসত্য তথ্য প্রদান হলে বা যথাসময়ে আবেদনপত্র জমা দান না হলে উহা বাতিল বলে গণ্য হবে বা প্রক্রিয়াকরণ করা হবে না। প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনপত্র পরবর্তীতে চূড়ান্ত করা হবে। তালিকায় অন্তর্ভুক্তি নবায়ন / তালিকায় অন্তর্ভুক্তির ব্যাপারে পিজিসিএল এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। নবায়নে বিবেচিত প্রতিষ্ঠানসমূহ অত্র কোম্পানির বিধি বিধানমতে/প্রচলিত নিয়মানুযায়ী কার্যাদিতে নিয়োজিত হতে পারবে। প্রয়োজনে বিস্তারিত তথ্যের জন্য ব্যবস্থাপক (ম্যানেজিং অফিসার/এস এনলিস্টমেন্ট) এর দপ্তরে যোগাযোগ করা যেতে পারে (মোবাইল নং ০১৭০৮৪৫৮৮০)।

(প্রকৌ. মো. মাহবুব-উল হক)

মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)

প্রাপক (সংশ্লিষ্ট সকল ঠিকাদার)

... ..



# গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)  
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ।

নমুনা ছক

বিষয় : ১.৩ ও ১.৪ শ্রেণির গ্যাস পাইপলাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের ২০১৯-২০ ও ২০২০-২১ দুই অর্থ বছরের জন্য তালিকায় অন্তর্ভুক্তি নবায়ন / পেট্রোবাংলা কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ১.৩ শ্রেণি হতে ১.৪ শ্রেণিতে উত্তীর্ণ ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের পিজিসিএল-এ তালিকায় অন্তর্ভুক্তির আবেদন।

(আবেদনপত্র আবশ্যিকভাবে কম্পোজ/টাইপ করে ১.৩ ও ১.৪ শ্রেণির জন্য (প্রযোজ্য অনুযায়ী) একই আবেদন ফরম পূরণকরে জমা দিতে হবে)

আমি/আমরা স্বত্বাধিকারী/নির্বাহী প্রধান হিসেবে ২০১৯-২০ ও ২০২০-২১ দুই অর্থ বছরের জন্য পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড এর সাথে গ্যাস পাইপলাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকায় অন্তর্ভুক্তি নবায়ন/ তালিকায় অন্তর্ভুক্তির জন্য নিম্নবর্ণিতভাবে তথ্য প্রদানের মাধ্যমে আবেদন করছি :

(০১) সাধারণ তথ্যাবলী :

(ক)

প্রতিষ্ঠানের নাম :	(খ) ক্যাটগরী ( $\sqrt$ চিহ্ন দিন) : ১.৩/১.৪ শ্রেণি।
--------------------	---

(খ)

প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)	প্রতিষ্ঠানের স্থায়ী ঠিকানা	প্রতিষ্ঠানের বর্তমান/ যোগাযোগের ঠিকানা (টেলিফোন/মোবাইল/ই-মেইলসহ আবশ্যিক)

(০২) ১.৩/১.৪ শ্রেণির নবায়ন/পেট্রোবাংলা কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ১.৩ শ্রেণি হতে ১.৪ শ্রেণিতে উত্তীর্ণ ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের তালিকায় অন্তর্ভুক্তির নিমিত্ত নিয়োজিত জনবলের বিবরণ :

(ক) সাধারণ পরিচিতি :

ক্রমিক নং	স্বত্বাধিকারী /অংশীদার/ পরিচালক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নাম ও পদবী	স্থায়ী ঠিকানা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা

(খ) প্রতিনিধির নাম (প্রযোজ্য ক্ষেত্রে) : পাওয়ার অব এটর্নী সংযুক্ত করতে হবে।

(গ) ১.৩ শ্রেণির জন্য কারিগরী জনবলের বিবরণ অবশ্যই পেট্রোবাংলার সর্বশেষ তালিকাভুক্ত তফসিল অনুযায়ী দাখিল করতে হবে (পৃথক কাগজে কম্পিউটার কম্পোজ করে জমাদান হবে) :

ক্রমিক নং	নাম (প্রকৌশলী/সাইট প্রকৌশলী/ব্যবস্থাপক/ফোরম্যান/ সুপারভাইজার/ ওয়েল্ডার/ ফিটার)	পদবী	নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা (ওয়েল্ডার ও ফিটারের ক্ষেত্রে গ্রেড ও কোড নম্বর)	অভিজ্ঞতা (নতুন নিয়োগের ক্ষেত্রে)	নিয়মিত হিসেবে ফার্মে কর্মকাল	
					হতে	পর্যন্ত

(ঘ) ১.৪ শ্রেণির নবায়ন/ তালিকায় অন্তর্ভুক্তির জন্য কারিগরী জনবলের বিবরণ অবশ্যই পেট্রোবাংলার সর্বশেষ তালিকাভুক্ত তফসিল অনুযায়ী দাখিল করতে হবে (পৃথক কাগজে কম্পিউটার কম্পোজ করে জমাদান হবে) :

ক্রমিক নং	নাম (প্রকৌশলী, ফোরম্যান, সুপারভাইজার, ওয়েল্ডার ও ফিটার)	সংখ্যা ও পদবী	নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা (ওয়েল্ডার ও ফিটারের ক্ষেত্রে গ্রেড ও কোড নম্বর)	অভিজ্ঞতা	নিয়মিত হিসেবে ফার্মে কর্মকাল	
					হতে	পর্যন্ত

(০৩) যন্ত্রপাতি ও সরঞ্জামের বিবরণ/প্রধানক সংযুক্ত করাঃ আছে/নাই (১.৩/১.৪ শ্রেণি)।

(০৪) ২০১৮-১৯ অর্থ বছরে সম্পাদিত কাজের বিবরণ (প্রযোজ্য অনুযায়ী)ঃ

(কাজের নাম/পরিমান/মূল্য ইত্যাদি উল্লেখপূর্বক পৃথক কাগজে জমা দিতে হবে)ঃ সংযুক্ত করা হয়েছে - হ্যাঁ/না।

(০৫) আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত ফি/কাগজপত্রাদি অবশ্যই পেট্রোবাংলার সর্বশেষ তালিকাভুক্তি তফসিল অনুযায়ী দাখিল করতে হবেঃ

হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, তৃতীয় পক্ষীয় দায় বীমা পলিসির মূলকপি, ১.৩ শ্রেণির জন্য ১০ (দশ) লক্ষ টাকা এবং ১.৪ শ্রেণির জন্য ২৫ (পঁচিশ) লক্ষ টাকার ব্যাংক সচলতার সনদপত্রের মূলকপি, ভ্যাট জমা প্রদানের চালান ফরম, হালনাগাদ নবায়ন সনদপত্রের ফটোকপি, টাকা জমাদানের মূল রসিদ ও এক কপি ফটোকপি, ২০১৮-১৯ অর্থ বছরে তালিকায় অন্তর্ভুক্তি নবায়নকালে জনবল পরিবর্তিত করলে ও তালিকায় অন্তর্ভুক্তির জন্য প্রত্যেক জনবলের ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ রসিদ ছবি, কারিগরী জনবলের পূর্ণ জীবন বৃত্তান্ত ও শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, জাতীয় পরিচয় পত্র, নমুনা স্বাক্ষর, নিয়োগপত্র, ওয়েল্ডার, ফিটার ইত্যাদির সনদপত্র স্বত্বাধিকারী কর্তৃক সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে। তালিকায় অন্তর্ভুক্তির ক্ষেত্রে সনাক্তকরণের প্রমানসরূপ ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রথম শ্রেণির ম্যাডিস্ট্রেট এর নিকট হতে হালনাগাদ সংগৃহীত স্বত্বাধিকারী এ্যফিডেভিট, অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদারি ডলিল (মুখ্য অংশীদার উল্লেখসহ) এবং লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, মেমোরেণ্ডাম ও আর্টিকেল অব এসোসিয়েশন ডলিল দাখিল করতে হবে। সংযুক্ত করা হয়েছে - হ্যাঁ/না।

আমি/আমরা এই মর্মে ঘোষণা করছি যে, উপর্যুক্ত বর্ণনা ও সংযুক্ত তথ্যাদি সম্পূর্ণরূপে সঠিক ও সত্য। কোন ভুল বা অসত্য তথ্য প্রদান করিনি।

প্রদানকৃত তথ্য অসত্য প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে বা পরবর্তীতে তালিকায় অন্তর্ভুক্তি বাতিলযোগ্য হবে।

তারিখঃ

ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/নির্বাহী প্রধানের নাম ও সীলমোহরসহ স্বাক্ষর

